Cosmo School

*Name:* *Class:* চতুর্থ *Section:* *Date:*

*Subject:* বাংলা ১ম *Topic:* বীরশ্রেষ্ঠদের বীরগাথা

---

# বীরশ্রেষ্ঠদের বীরগাথা

**১. নিচের শব্দগুলোর অর্থ লিখ।**

বীরশ্রেষ্ঠ, বীরগাথা, রণক্ষেত্র, বিধ্বস্ত, অকুতোভয়।

**২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করে লিখ।**

বাঙ্কার, মুক্তিবাহিনী, ধুলিস্যাৎ, দুঃসাহসিক।

**৩. নিচের বাক্যগুলোর শূণ্যস্থান সঠিক শব্দ দিয়ে পূরণ কর।**

ক) ১৯৭১ সালের ২৬ শে মার্চ একটি ...............দিন।

খ) বঙ্গবন্ধু ............... আহ্বানে শুরু হয় মুক্তিযুদ্ধ।

গ) মহিউদ্দিনসহ ৪জন বীর সেনাকে স্বাগত জানান মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনারেল ...............।

ঘ) মুক্তিযুদ্ধ শুরুর সময় মহিউদ্দিন জাহাঙ্গীর ...............ছিলেন।

ঙ) পাকিস্তানি বিমান বাহিনীতে মতিউর রহমান ছাত্রদের ............... দায়িত্বে ছিলেন।

**৪. নিচের বাক্যগুলো সত্য হলে 'সত্য' এবং মিথ্যা হলে 'মিথ্যা' লিখে সঠিক বাক্যটি লিখ।**

ক) মতিউর রহমানের দেহাবশেষ ২০০৭ সালে বাংলাদেশে ফিরিয়ে আনা হয়।

খ) মতিউর রহমানের বিমানটি পাকিস্তানের থাট্টায় বিধ্বস্ত হয়।

গ) মুক্তিযুদ্ধের জন্য পাঁচ জন মুক্তিযোদ্ধাকে বীরশ্রেষ্ঠ উপাধি দেয়া হয়।

ঘ) ক্যাপ্টেন মহিউদ্দিন যুদ্ধ করেন ৭ নম্বর সেক্টরে।

ঙ) সিপাহী হামিদুর রহমানরা সিদ্ধান্ত নিয়েছিলেন ধলই সীমান্ত ফাঁড়ি দখলের জন্য।

চ) সিপাহী হামিদুর রহমান যুদ্ধের সময় ভুল নিশানায় গ্রেনেড ছুঁড়েন।

**৫. নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর বাছাই করে লিখ।**

ক) বাংলাদেশের কোন নেতা মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ার ডাক দিয়েছিলেন?

১. মাওলানা আবদুল হামিদ খান ভাসানী ২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

৩. হোসেন শহীদ সোহরাওয়ার্দী ৪. শেরে বাংলা এ.কে. ফজলুল হক।

খ) বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর কিভাবে যুদ্ধ করেছিলেন?

১. মেশিনগান থেকে গুলি ছুঁড়েছিলেন ২. ট্যাংক নিয়ে অগ্রসর হয়েছিলেন

৩. পাকিস্তানি সেনাদের বাঙ্কারে আক্রমণ করেছিলেন ৪. বিমান থেকে আক্রমণ করেছিলেন।

গ) বাংলাদেশের মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী বীরশ্রেষ্ঠ কতজন?

১. ৩জন ২. ৫জন ৩. ৭জন ৪. ৯জন।

Revision Work

ঘ) মতিউর রহমানের বিমানটি কোথায় বিধ্বস্ত হয়েছিল?

১. ভারতের শ্রীনগরে　　২. বাংলাদেশের মেহেরপুরে

৩. নেপালের কাঠমুন্ডুতে　　৪. পাকিস্তানের থাট্টায়।

ঙ) কমলগঞ্জ থানার ধলই সীমান্ত ফাঁড়িটি দখলের নেতৃত্ব দিয়েছিলেন কে?

১. মতিউর রহমান　　২. হামিদুর রহমান

৩. মহিউদ্দিন জাহাঙ্গীর　　৪. মোস্তফা কামাল

**৬. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখ ।**

ক) বাংলাদেশের ৭জন বীরশ্রেষ্ঠের নাম লিখ।

খ) কাদের জীবনের বিনিময়ে আমরা স্বাধীনতা পেয়েছি?

গ) কোন কোন শ্রেণী পেশার মানুষ মুক্তিযুদ্ধে যোগ দিয়েছিলেন?

ঘ) বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের দেহাবশেষ কত সালে দেশে ফিরিয়ে আনা হয় এবং ঢাকার কোথায় সমাহিত করা হয়?

ঙ) মুক্তিযুদ্ধের সময় সিপাহি হামিদুর রহমানের সঙ্গে কোন কোন অস্ত্র ছিল?

**৭. নিচের প্রশ্নগুলোর বর্ণনামূলক উত্তর লিখ।**

ক) বীর-শ্রেষ্ঠ হামিদুর রহমান যে অসীম সাহসের সঙ্গে যুদ্ধ করেছিলেন তার বর্ণনা দাও।

খ) বীরশ্রেষ্ঠরা কেন মুক্তিযুদ্ধ করেছিলেন?

গ) বীরশ্রেষ্ঠ মতিউর রহমান কিভাবে শহীদ হয়েছিলেন-বর্ণনা কর।

**৮. বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিলিয়ে সঠিক বাক্য তৈরি করে লিখ।**

| বাম | ডান |
|---|---|
| ক) মহিউদ্দিন জাহাঙ্গীরসহ চারজন ৩রা জুলাই তারিখে | ১। দেওয়া হয় ত্রিপুরার আমবাসা ইউনিয়নে । |
| খ) জাহাঙ্গীরের সাহস ও ক্ষীপ্রতার কারণে | ২। দেওয়া হয় পাকিস্তানের বিমানঘাঁটিতে । |
| গ) মতিউর দেখতে পান মিনহাজ | ৩। রুমালে ক্লোরোফরম মাখিয়ে এনেছিলেন। |
| ঘ) মতিউর আগে থেকেই | ৪। আক্রমণের ধারা ছিল ভিন্ন |
| ঙ) মতিউর রহমানকে প্রথমে কবর | ৫। রাতের অন্ধকারে পাকিস্তানের শিয়ালকোট হয়ে ভারতে প্রবেশ করেন |
| চ) সিপাহী হামিদুর রহমানকে প্রথমে কবর | ৬। টি-৩৩ বিমান চালিয়ে সামনের দিকে আসছে। |

আফরোজা তাসনিম (নিপা)

Subject Teachers' Signature　　Responsible Teachers' Signature

## বাংলাদেশের প্রকৃতি

(নিচের প্রত্যেকটি প্রশ্নের উত্তর নিজ নিজ উত্তরপত্রে লিখ)

Revision Work

**১. নিচের শব্দগুলোর অর্থসহ বাক্য তৈরি করে লিখ।**

মুষলধারে, বিচিত্র, অসহ্য, নবান্ন, গ্রীষ্ম।

**২. নিচের বাক্যগুলোর শূণ্যস্থান সঠিক শব্দ দিয়ে পূরণ করে লিখ।**

ক) শীতকালে------------হাওয়া বয়।

খ) আমাদের দেশ ------------দেশ।

গ) গ্রীষ্মকে -------------বলাহয়।

ঘ) বর্ষাকালে ------------ফুল ফোটে।

ঙ) হেমন্তকালে কৃষকের মুখে ----------ফোটে।

**৩. নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দুইটি করে শব্দ ও একটি করে বাক্য তৈরি করে লিখ ।**

ন্ত, ষ্ট, ল্প, গু, ন্ন, ন্দ, ষ্ম।

**৪. নিচের বাক্যগুলো সত্য হলে 'সত্য' এবং মিথ্যা হলে 'মিথ্যা' লিখে সঠিক বাক্যটি লিখ।**

ক) কাশফুল শীতকালে ফোটে ।

খ) শীতকালে উত্তুরে হাওয়া বয় ।

গ) বর্ষাকালে কদম ফুল ফোটে ।

ঘ) পলাশ ফুল বর্ষাকালে ফোটে ।

ঙ) ৬টি ঋতুতে বাংলায় এক বছর হয় ।

**৫. নিচের প্রশ্নগুলো সঠিক উত্তর বাছাই করে লিখ।**

ক) কত মাসে একটি ঋতু হয়?

১. ১২ মাসে ২. ৩ মাসে ৩. ৬ মাসে ৪. ২ মাসে।

খ) ভাদ্র ও আশ্বিন মাস মিলে কোন ঋতু হয়?

১. গ্রীষ্ম ২. বর্ষা ৩. শরৎ ৪. শীত।

গ) কাশফুল কোন ঋতুতে ফোটে?

১. গ্রীষ্মকালে ২. বর্ষাকালে ৩. শরৎকালে ৪. হেমন্তকালে।

ঘ) বর্ষাকালে কোন ফুল ফোটে?

১. কাশফুল ২. শিউলিফুল ৩. পলাশফুল ৪. কদমফুল।

ঙ) কোন ঋতুতে কৃষকের মুখে হাসি ফুটে ওঠে?

১. শীতকাল　　২. বসন্তকালে　　৩. হেমন্তকালে　　৪. বসন্তকালে।

চ) শীতকালে কী হয়?

১. দখিনা হাওয়া বয়　　২. উত্তুরে হাওয়া বয়　　৩. গরম পড়ে　　৪. অনেক বৃষ্টি হয়।

ছ) কোনটি গ্রীষ্মকালে পাওয়া যায়?

১. আম　　২. জাম　　৩. কাঁঠাল　　৪. সবগুলোই।

জ) বাংলাদেশ কয়টি ঋতুর দেশ?

১. ২টি　　২. ৩টি　　৩. ৪টি　　৪. ৬টি।

ঝ) 'পাড়' শব্দের অর্থ কী?

১. দেয়াল　　২. নদী　　৩. শাড়ির পাড়　　৪. কিনার।

ঞ) বসন্তকালে কী ঘটে?

১. ঝড় হয়　　২. কালবৈশাখী হয়　　৩. আকাশে মেঘ থাকে　　৪. গাছে নতুন পাতা গজায়।

**৬. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখ।**

ক) ইলশেগুঁড়ি বলতে কি বোঝায়?

খ) গ্রীষ্মকালে কোন কোন ফল পাওয়া যায় ?

গ) শরৎকালে নদীর পাড় কোন ফুলে ভরে যায় ?

ঘ) বাংলা বছরের ১২ মাসের নাম লিখ।

ঙ) নবান্ন উৎসব বলতে কী বোঝ?

**৭. নিচের প্রশ্নগুলোর বর্ণনামূলক উত্তর লিখ।**

ক) কোন ঋতু তোমার বেশি পছন্দ? পছন্দের কারণ কী?

খ) কোন কালকে মধুমাস বলা হয় এবং কেন?

গ) কোন কোন মাস মিলে কোন ঋতু হয়? লিখ।

ঘ) বসন্তকালকে কেন ঋতুর রাজা বলা হয়?

**৮. বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিলিয়ে সঠিক বাক্য তৈরি কওে লিখ।**

| বাম | ডান |
|---|---|
| ক) ভাদ্র ও আশ্বিন মিলে হয় | ১. গ্রীষ্মকাল। |
| খ) কার্তিক ও অগ্রহায়ণ মিলে হয় | ২. শীতকাল। |
| গ) বৈশাখ ও জ্যৈষ্ঠ মিলে হয় | ৩. বর্ষাকাল। |
| ঘ) পৌষ ও মাঘ মিলে হয় | ৪. শরৎকাল। |
| ঙ) আষাঢ় ও শ্রাবণ মিলে হয় | ৫. হেমন্তকাল। |

আফরোজা তাসনিম (নিপা)

Subject Teachers' Signature　　　　Responsible Teachers' Signature

Revision Work

# Cosmo School

*Name:* *Class:* চতুর্থ *Section:* *Date:*

*Subject:* বাংলা ১ম *Topic:* নেমন্তন্ন

## নেমন্তন্ন

**(নিচের প্রত্যেকটি প্রশ্নের উত্তর নিজ নিজ উত্তরপত্রে লিখ)**

১. **নিচের শব্দগুলোর অর্থ লিখ।**
সরপুরিয়া, ভজন, ভোজন, কদলী।

২. **নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা করে লিখ।**
প্রসাদ, সাধ, আয়েস,ক্ষীর, ফলার।

৩. **নিচের বাক্যগুলোর শূণ্যস্থান সঠিক শব্দ দিয়ে পূরণ করে লিখ।**

ক) লোকটি আয়েস করে খেতে চায় ..........................।

খ) বাহ! কি ফলার ..........................।

গ) ছড়াটিতে একটি .......................... গল্প বলা হয়েছে।

ঘ) লোকটি তার বন্ধুর সঙ্গে যেতে চাইলে সে তাকে .......................... না।

ঙ) কবি অন্নদাশঙ্কর রায় .......................... সালে জন্মগ্রহণ করেন।

চ) লোকটি খেতে চায় .......................... পোলাও ।

৪. **নিচের বাক্যগুলো সত্য হলে 'সত্য' এবং মিথ্যা হলে 'মিথ্যা' লিখে সঠিক বাক্যটি লিখ ।**

ক) নেমন্তন্ন কবিতায় লোকটি ভোজন শুনতে যাচ্ছে।

খ) লোকটি যেখানে যাচ্ছে সেখানে প্রসাদ ভোজনও হবে।

গ) লোকটি যেখানে যাচ্ছে সেখানে প্রসাদ ভোজনও হবে।

ঘ) ফলার শব্দের অর্থ কলা।

ঙ) নেমন্তন্ন কবিতায় লোকটি তার বন্ধুকে নিয়ে যেতে ভয় পেল।

৫. **নিচের প্রশ্নগুলো সঠিক উত্তর বাছাই করে লিখ।**

ক) নেমন্তন্ন কবিতায় কয়টি ফলের নাম আছে ?

১. একটি ২.দুইটি ৩.তিনটি ৪.চারটি

খ) লোকটি ছানার কী খেতে চায় ?

১.মিষ্টি ২.পোলাও ৩.কদলি ৪.ফলার

গ) লোকটি কিসের নেমন্তন্ন খেতে যাচ্ছে ?

১.বিয়ের ২.জন্মদিনের ৩.ভজন গানের ৪. আকিকা

ঘ) 'বিয়ে' শব্দটির সমার্থক শব্দ কোনটি ?

১. নেমন্তন্ন ২.দাওয়াত ৩.সাধী ৪.বিবাহ

**৬. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখ ।**

ক) নেমন্তন্ন কবিতায় লোকটি কোথায় যাচ্ছে? কেন যাচ্ছে?

খ) নেমন্তন্ন কবিতায় কী কী খাবারের নাম উল্লেখ আছে?

গ) অন্নদাশঙ্কর রায়-এর ৩টি উল্লেখযোগ্য গ্রন্থের নাম লিখ।

ঘ) নেমন্তন্ন কবিতা লোকটি কোন কোন ফল খেতে চায়?

**৭. নিচের প্রশ্নগুলোর বর্ণনামূলক উত্তর লিখ ।**

ক) ভজন এবং ভোজনের মধ্যে পার্থক্য লিখ?

খ) তোমার প্রিয় খাবারের নাম কী? কেন প্রিয় তা লিখ।

গ) নেমন্তন্ন কবিতার সারমর্ম নিজের মত করে লিখ।

**৮. কবি ও কবিতার নামসহ নেমন্তন্ন কবিতার ১ম ১৪ লাইন লিখ।**

Revision Work

আফরোজা তাসনিম (নিপা)

Subject Teachers' Signature Responsible Teachers' Signature

Cosmo School

*Name:* *Class:* চতুর্থ *Section:* *Date:*

*Subject:* বাংলা ১ম *Topic:* পালকির গান

---

## পালকির গান

**(নিচের প্রত্যেকটি প্রশ্নের উত্তর নিজ নিজ উত্তরপত্রে লিখ)**

Revision Work

**১. নিচের শব্দগুলোর অর্থ লিখ ।**

গগন, আদুল, পাটা, কষে, স্তব্ধ ।

**২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কওে লিখ ।**

ভনভনিয়ে, হাটুরে, অঙ্গ, কষে, গগন ।

**৩. নিচের বাক্যগুলোর শূণ্যস্থান সঠিক শব্দ দিয়ে পূরণ করে লিখ ।**

ক) গগন তলে … … … … জ্বলে।

খ) ময়রা মুদি পাটায় বসে .. … … … কষে।

গ) গঙ্গা ফড়িং .. .. … …চলছে।

ঘ) পালকি চলার সময় .. .. .. … ঢলে।

ঙ) কুকুরগুলো … … … … শুঁকছে।

**৪. নিচের বাক্যগুলো সত্য হলে 'সত্য' এবং মিথ্যা হলে 'মিথ্যা' লিখে সঠিক বাক্যটি লিখ ।**

ক) পালকির গান কবিতাতে আকাশের নিচে আগুন জ্বলার কথা বলা হয়েছে।

খ) ময়রা মুদিরা কাঠের উপর বসে ঢুলছে।

গ) মাছিগুলো দুধের চাঁছির উপর গুনগুন করে উড়ছে।

ঘ) ময়রা মুদি পাটার উপর বসে জিনিসপত্র বিক্রি করছে।

ঙ) পালকি নিয়ে চলার সময় তারা পায়ের তালে তালে গান করে।

**৫. নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দুইটি করে শব্দ ও একটি করে বাক্য তৈরি করে লিখ।**

স্ত, ব্ধ, দ্র, ক্ল, ন্ত ।

**৬. নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর বাছাই করে লিখ ।**

ক) গগন তলে কী জ্বলে?

১. বাতাস ২. আগুন ৩. পানি ৪. মাটি।

খ) দুধের চাঁছিতে মাছিগুলো কী করছে?

১. শুষছে ২. শুঁকছে ৩. কতক উড়ছে ৪. ক+গ উভয়।

গ) সূর্য কোন দিকে ঢলে পড়ে?

১. বাঁকের দিকে ২. বাঁধের দিকে ৩. পূর্ব দিকে ৪. পশ্চিম দিকে।

ঘ) কুকুরগুলো কী শুঁকছে?

১. ধুলো ২. মাটি ৩. কাঁদা ৪. পানি।

ঙ) পালকির গান কবিতায় গঙ্গা কী?

১. পিঁপড়ে ২. ফড়িং ৩. কুকুর ৪. মাছি।

**৭. কবি ও কবিতার নামসহ 'পালকির গান' কবিতার ১ম ১২ লাইন লিখ।**

**৮. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখ।**

ক) দুপুরের রোদে পালকির বেহারাদের কী অবস্থা হয়েছে?

খ) পাটায় বসে ময়রা কী করছে?

গ) হাটুরে কোথায় যাচ্ছেন?

ঘ) কুকুরগুলো ধুঁকছে কেন?

**৯. নিচের প্রশ্নের বর্ণনামূলক উত্তর লিখ ।**

ক) পালকির গান কবিতার সারমর্ম নিজের ভাষায় লিখ ।

**১০. বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিলিয়ে সঠিক বাক্য তৈরি কর।**

| | |
|---|---|
| ক) পালকি চলে রে | ১.ধায় হাটুরে । |
| খ) দুধের চাঁছি | ২.শুঁকছে ধুলো । |
| গ) কুকুরগুলো | ৩. অঙ্গ ঢলেরে । |
| ঘ) হাটের শেষে | ৪. রুক্ষ বেশে । |
| ঙ) ঠিক দুপুরে | ৫. শুষছে মাছি । |

আফরোজা তাসনিম (নিপা)

Subject Teachers' Signature

Responsible Teachers' Signature

Revision Work

*Name:* *Class:* চতুর্থ *Section:* *Date:*

*Subject:* বাংলা ১ম *Topic:* মহীয়সী রোকেয়া

## মহীয়সী রোকেয়া

**(নিচের প্রত্যেকটি প্রশ্নের উত্তর নিজ নিজ উত্তরপত্রে লিখ)**

Revision Work

**১. নিচের শব্দগুলোর অর্থ লিখ ।**

বন্দি, স্নেহ, অধিকার, অগ্রদূত ।

**২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কওে লিখ।**

প্রতিষ্ঠা, উন্নতি, অবরোধ, নারী জাগরণ, অগ্রদূত।

**৩. নিচের বাক্যগুলোর শূণ্যস্থান সঠিক শব্দ দিয়ে পূরণ করে লিখ।**

ক) অবরোধ মানে বাড়ির নির্দিষ্ট ...............মধ্যে আটকে থাকা।

খ) রোকেয়ার বড় বোন ............... তার বড় ভাইয়ের কাছে লেখাপড়া শিখেছিলেন।

গ) ভাইবোনের কাছেই রোকেয়ার যত ............... ।

ঘ) বড় বোনের কাছে তিনি ...............শিখতেন।

ঙ) কলকাতায় বেগম রোকেয়া মেয়েদের জন্য ............... প্রতিষ্ঠা করলেন।

চ) রোকেয়ার স্বামীর বাড়ি ............... ।

ছ) রোকেয়ার বাংলা শেখার জন্য মন ............... করতো।

জ) ভাইবোন দুজনেই রোকেয়াকে খুবই ............... করতেন।

ঝ) রোকেয়ার লেখাপড়া করার কি ...............আগ্রহ !

**৪. নিচের বাক্যগুলো সত্য হলে 'সত্য' এবং মিথ্যা হলে 'মিথ্যা' লিখে সঠিক বাক্যটি লিখ ।**

ক) রোকেয়া স্কুলে কুরআন ও উর্দু শিখেছিলেন।

খ) রাত গভীর হলে বোনের কাছে শুরু হতো রোকেয়ার জ্ঞানার্জন।

গ) রোকেয়া ১৮৩২ সালে মৃত্যুবরণ করেন।

ঘ) মুসলমান মেয়েরা তখন পড়াশুনায় অনেক এগিয়ে ছিলেন।

ঙ) রোকেয়ার স্বামী সরকারি চাকুরী করতেন।

চ) বিয়ের ১২ বছর পর রোকেয়ার স্বামী মারা যান।

**৫. নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দুইটি করে শব্দ ও একটি করে বাক্য তৈরি করে লিখ ।**

জ্ঞ, ন্ন, চ্ছ, প্ত।

**৬. নিচের প্রশ্নগুলো সঠিক উত্তর বাছাই করে লিখ।**

ক) রোকেয়া কোথায় জন্মগ্রহণ করেন?

১. ভাগলপুর ২. পায়রাবন্দ ৩. টুঙ্গিপাড়া ৪. কুড়িগ্রাম

খ) রোকেয়া কোথায় লেখাপড়া শিখেছিলেন?

১. বাড়িতে ২. বিদ্যালয়ে ৩. গৃহ শিক্ষকের কাছে ৪. পাঠাগারে

গ) রোকেয়ার শ্বশুরবাড়িতে সবাই কোন ভাষায় কথা বলতেন?

১. বাংলা ২. আরবি ৩. ইংরেজি ৪. উর্দু

ঘ) রোকেয়ার প্রতিষ্ঠিত প্রাথমিক বিদ্যালয়ে প্রথম কতজন ছাত্রী ভর্তি হয়েছিল?

১. চারজন ২. তিনজন ৩. দশজন ৪. পাঁচজন

ঙ) রোকেয়া ছোটবেলায় কাদের সামনে যেতে পারতেন না?

১. মেয়েদের সামনে ২. ছেলেদের সামনে ৩. বাবার সামনে ৪. বাইরের যে কোন মানুষের সামনে

চ) রোকেয়ার বাবা ছিলেন-

১. শিকদার ২. সন্ন্যাসী ৩. জমিদার ৪. চৌকিদার

**৭. নিচের বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিলিয়ে সঠিক বাক্য তৈরি কর।**

| বাম | ডান |
|---|---|
| ক) রংপুরের পায়রাবন্দ গ্রামে | ১। ষোল বছর বয়সে। |
| খ) অবরোধ মানে বাড়ির নির্দিষ্ট | ২। মতিচুর, অবরোধবাসিনী, পদ্মরাগ। |
| গ) রাত গভীর হলে ভাইয়ের কাছে | ৩। রোকেয়ার জন্ম। |
| ঘ) রোকেয়ার বিয়ে হলো | ৪। নারী জাগরণের অগ্রদূত। |
| ঙ) রোকেয়ার লেখা বইগুলো হলো | ৫। শুরু হতো তার জ্ঞানার্জন। |
| চ) মহীয়সী রোকেয়া | ৬। গন্ডির মধ্যে আটকে থাকা। |

**৮. নিচের প্রশ্নগুলোর এক কথায় উত্তর লিখ।**

ক) বেগম রোকেয়া কত সালে জন্মগ্রহণ করেন?

খ) রোকেয়া বাড়িতে কোরআন শেখার পাশাপাশি আর কোন ভাষা শিখেছিলেন?

গ) রোকেয়া কখন বড় ভাইয়ের কাছে জ্ঞানার্জন করতেন?

ঘ) স্বামীর মৃত্যুর পর রোকেয়া মেয়েদের জন্য কোলকাতায় কী প্রতিষ্ঠা করলেন?

ঙ) কে প্রথম মেয়েদের অধিকার প্রতিষ্ঠার জন্য লড়াই করেছিলেন?

চ) রোকেয়ার বড় ভাই-বোনের নাম কী ছিল?

**৯. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখ।**

ক) বাড়িতে আত্মীয় এলে রোকেয়াকে কোথায় কোথায় লুকিয়ে থাকতে হতো?

খ) অবরোধ মানে কী?

Revision Work

গ) রোকেয়া কখন পড়াশুনা করতেন? কীভাবে করতেন?

ঘ) লেখাপড়ার বিষয়ে রোকেয়াকে কে কে সাহায্য করতেন?

ঙ) রোকেয়ার লেখা কয়েকটি উল্লেখযোগ্য বইয়ের নাম লিখ ।

চ) বেগম রোকেয়া কোথায় জন্মগ্রহণ করেন?

**১০. নিচের প্রশ্নগুলোর বর্ণনামূলক উত্তর লিখ ।**

ক) রোকেয়ার সময়ে মেয়েদের অবস্থা কেমন ছিল?

খ) রোকেয়াকে কেন নারী জাগরণের অগ্রদূত বলা হয়?

গ) নারী শিক্ষা কেন প্রয়োজন? বুঝিয়ে লিখ।

Revision Work

আফরোজা তাসনিম (নিপা)

Subject Teachers' Signature

Responsible Teachers' Signature